

স্মারক নং

তারিখঃ ০৪/০২/২০২৪খ্রিঃ


## প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা, খুলনা জেলা কার্যালয়ে শিক্ষিত, অর্ধশিক্ষিত, বেকার, দরিদ্র, দুঃস্থ্য বিত্তহীন মহিলাদের (সেলাই ও এমব্রয়ডারী) প্রশিক্ষণের জন্য আগামী ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের মার্চ/২০২৪ থেকে জুন /২০২৪ ইং পর্যন্ত চার মাস মেয়াদী অস্থায়ী ভিত্তিতে ৩০ জন মহিলা প্রশিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	আসন সংখ্যা	মেয়াদ	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	সেলাই ও এমব্রয়ডারী	৩০ (ত্রিশ) জন	৪ (চার) মাস	১৮-৪৫	৫ম শ্রেণী/৮ম শ্রেণী

## শর্তাবলী সমূহ নিম্নরূপ

- ১। আবেদনকারীর বয়স কমপক্ষে ১৮ বছর থেকে ৪৫ বছর হতে হবে।
- ২। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৫ম/৮ম শ্রেণী হতে হবে।
- ৩। ভর্তি ফরম জমা দেওয়ার সময় আবেদনকারীকে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৪। অত্র দপ্তর হতে ছাপানো নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ৫। নির্বাচনী বোর্ডের দ্বারা সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে প্রশিক্ষার্থী নির্বাচন করা হবে।
- ৬। শিক্ষাগত যোগ্যতার সনদ, স্থানীয় ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার এর নিকট থেকে নাগরিকত্বের সনদ, এবং জন্মনিবন্ধন/ ভোটার আইডি কার্ডের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
- ৭। প্রতিটি ট্রেড কোর্সের মেয়াদ ৪ (চার) মাস। প্রতি শিফটে ১৫ জন করে দুই শিফটে মোট ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ দেয়া হবে।
- ৮। প্রথম শিফট সকাল ৯.৩০ মিনিট থেকে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত এবং দ্বিতীয় শিফট দুপুর ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত।
- ৯। সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস হবে। সাপ্তাহিক এবং সরকারী ছুটির দিনে ক্লাস বন্ধ থাকবে।
- ১০। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষার্থী নিয়ম শৃংখলার পরিপন্থি কোন কাজ করলে তার ভর্তি বাতিল করা হবে।
- ১১। দরিদ্র, বিত্তহীন, অসহায় ও অবহেলিত মহিলাদের উৎপাদন মুখী ও কর্মক্ষম করে গড়ে তোলার লক্ষ্যে বিনা মূল্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ১২। ফরম জমা দেয়ার শেষ তারিখ ~~২২-০২-২০২৪~~ তারিখ বিকাল ~~৪-০০~~ টা পর্যন্ত। সাক্ষাতকার গ্রহণ করা হবে ~~২৪-০২-২০২৪~~ ইং তারিখে বিকাল ~~১০-০০~~ ঘটিকায়। আবেদনকারীকে কোন প্রকার টি, এ/ডি এ প্রদান করা হবে না।
- ১৩। প্রশিক্ষার্থী নিবাচন/ ভর্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
অধ্যাপক রুনা ইকবাল বিখার  
চেয়ারম্যান  
জাতীয় মহিলা সংস্থা, খুলনা।

স্মারক নং

তারিখঃ

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। মহিলা বিষয়ক অধিদপ্তর খুলনা।
- ২। তৃণমূল পর্যায়ে অক্ষম নাউবিসাপ্র, খুলনা।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিতঃ-  
অধ্যাপক রুনা ইকবাল বিখার  
চেয়ারম্যান  
জাতীয় মহিলা সংস্থা, খুলনা।